গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)

## নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | সামসুদ্দিন আহমেদ ভূঁইয়া<br>অতিরিক্ত মহাপরিচালক |
| সভার তারিখ | ২৭ জুন, ২০২২ (সোমবার) |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | এনএপিডি বোর্ড রুম |
| উপস্থিতি | (ক) উপস্থিত সদস্যবৃন্দঃ জনাব সায়মা আফরোজ (যুগ্ম-সচিব ও প্রধান প্রশিক্ষক-১), ড. মোঃ নুরুজ্জামান (পরিচালক, গবেষণা ও প্রকাশনা), প্রকৌঃ মোঃ আবদুর রশিদ (পরিচালক, প্রশাসন ও অর্থ), জনাব মোহাম্মদ হাসান তারিক (পরিচালক, প্রশিক্ষণ), জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন (প্রধান প্রশিক্ষক-৩), জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী (উপ-পরিচালক (প্রশাসন) ও সিস্টেম এনালিস্ট (অ.দা.)। (খ) অনুপস্থিতিঃ সভায় সকল সদস্য উপস্থিত ছিলেন। |

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে একাডেমির উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোঃ মঈনুল হাসান চৌধুরী সভার কর্মপত্র উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয় –

| ক্র. নং | কার্যক্রম | আলোচনা | সভার সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|---|---|
| ০১ | কার্যবিবরণী দৃঢ়ীকরণ | | গত ২৩ মার্চ, ২০২২ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটি-এর ৩য় সভার কার্যবিবরণী প্রেরণের পর কোনো সংশোধনী পাওয়া যায়নি। দৃঢ়ীকরণ করা হলো। | |
| ০২ | [১.১] নৈতিকতা কমিটির সভা | এপিএ ২০২১-২২ অনুযায়ী নৈতিকতা কমিটির সভা প্রতি কোয়ার্টারের শেষ মাসের ২৫ তারিখ বা নিকটবর্তী সময়ে মধ্যে আয়োজন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | নৈতিকতা কমিটির সভা প্রতি কোয়ার্টারের শেষ মাসের ২৫ তারিখ বা নিকটবর্তী সময়ে মধ্যে আয়োজন করা হয়েছে বিধায় ধন্যবাদ জানানো হলো। | - |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | [১.২] নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | এপিএ ২০২১-২২ সংযোজনী-৪: এনএপিডির শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা-এর আওতায় মোট ১৭টি কার্যক্রমের মধ্যে ১৫টি সম্পূর্ণ বাস্তবায়িত হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। শতকরা হার ৮৮.২৪%. বাকি ০২টি কার্যক্রমের মধ্যে ০১টি ২৭/০৬/২০২২ তারিখের নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভা এবং অপরটি ২৭/০৬/২০২২ তারিখের শুদ্ধাচার পুরস্কার প্রদান ও সভা। | প্রতি কোয়ার্টারের কার্যক্রম অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করা এবং বাস্তবায়িত সিদ্ধান্ত সমূহ সংখ্যা ও শতকরা হারে উপস্থাপন করায় সভাপতি সন্তোষপ্রকাশ করেন। | - |
| ০৪ | [১.৩] সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণেসভা | এপিএ ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ২য় সভা গত ২৬.০৪.২০২২ (মঙ্গলবার) তারিখ অনুষ্ঠিত হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | অংশীজনের অংশগ্রহণে ২য় সভা নির্ধারিত সময়ের মধ্যে আয়োজন করে সভাপতি ধন্যবাদ প্রদান করেন। | - |
| ০৫ | [১.৮] শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | ২০২১ সালের ডিসেম্বর মাসে প্রকাশিত সংশোধিত প্রজ্ঞাপন অনুযায়ী ২০২০-২১ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রাপ্তদের তালিকা প্রস্তুত করা হয়েছে। মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিতব্য ২৭/০৬/২০২২ তারিখে এনএপিডির শুদ্ধাচার বিষয়ক সভায় পুরস্কার প্রদান করা হবে মর্মে সভায় আলোচনা হয়। | অনুষ্ঠানটি সফলভাবে আয়োজন করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | পরিচালক (প্রশাসন ও অর্থ), এবং উপ-পরিচালক (প্র.) |
| ০৬ | [২.৪] প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | প্রকল্প গত ৩০ জুন ২০২১ সময়ে শেষ হয়েছে। প্রকল্পের মাধ্যমে মিনিবাস, ল্যপটপ, আসবাবপত্র ইত্যাদি একাডেমির প্রশিক্ষণের মান বৃদ্ধির জন্য ক্রয় করা হয়েছে। উল্লেখিত মালামাল একাডেমির প্রশিক্ষণ সহায়ক হিসাবে প্রতিনিয়ত ব্যবহার হচ্ছে মর্মে সভায় আলোচনা হয়। | প্রকল্পের মাধ্যমে ক্রয়তব্য মালামালসমূহ টিওএন্ডইভুক্ত করার জন্য প্রেরিত পত্রের আলোকে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (প্র.) |
| ০৭ | [৩.৩] দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ বিষয়ে সেশন পরিচালনা | দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ বিষয়ে একাডেমির বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের সেশনে অন্তর্ভূক্ত করার বিষয়ে আলোচনা হয়। এবং এই ধরণের সেশন ২০২১-২২ এর ৪র্থ ত্রৈমাসিক সময়ে একাডেমির নিম্নোক্ত কোর্সসমূহে পরিচালিত হয়েছে মর্মে সভা অবহিত হয়।<br><br>Research Methodology, Special Foundation Training Course for BCS (Health) Cadre Officers (108th and 109th Batches), Foundation Training Course for BCS (Education) Cadre Officers (175th Batch) | দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ বিষয়ে একাডেমির বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের সেশন পরিচালনা অব্যাহত রাখতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | [৩.৫] শুদ্ধাচার সম্পর্কিত ত্রৈমাসিক আলোচনা সভা | শুদ্ধাচার সম্পর্কিত ত্রৈমাসিক আলোচনা সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। গত ১৩/০৩/২০২২ তারিখে শুদ্ধাচার সম্পর্কিত ৩য় ত্রৈমাসিক আলোচনা সভা মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে আয়োজিত হয়েছিল মর্মে সভাকে অবহিত করা হয়। | শুদ্ধাচার সম্পর্কিত ৪র্থ ত্রৈমাসিক আলোচনা সভা ২৭/০৬/২০২২ তারিখে আয়োজন ও শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে। | উপ-পরিচালক (প্র.) ও গবেষণা কর্মকর্তা-১ |
| ০৯ | বিবিধ | ক) পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকরণে ক্যাফেটেরিয়া ব্যবস্থাপনা কমিটি ও প্রশাসন কর্তৃক নিয়মিত তদারকি অব্যাহত রয়েছে। এবং ক্যাফেটেরিয়াতে বিদ্যমান রেজিস্টার নিয়মিত পর্যবেক্ষণ করে সে অনুযায়ী দ্রুততম সময়ে সমস্যা (যদি থাকে) সমাধানের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করা হয়। | ক) ক্যাফেটেরিয়া ও ডরমিটরি ব্যবস্থাপনা কমিটি নিয়মিত সভা করে অতিরিক্ত মহাপরিচালক মহোদয়কে অবহিত করবেন। | ক) পরিচালক (প্রশাসন ও অর্থ), উপ-পরিচালক (প্র.), ও ক্যাফেটেরিয়া ব্যবস্থাপনা কমিটি |
| | | খ) আবাসিক এলাকায় বাগানে কিছু ফুলের গাছ রোপন করা হয়েছে। চলতি অর্থবছরে আর্থিক সংকুলান না থাকায় পরবর্তী ২০২২-২৩ অর্থবছরে বাচ্চাদের খেলার সামগ্রী ক্রয় করে তা স্থাপন করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়। | খ) ঘাস কাটার ব্যবস্থা করতে হবে। বাচ্চাদের খেলার সামগ্রী কিনতে হবে। | খ) উপ-পরিচালক (প্র.). ও মৌফুল নাহার (প্রশিক্ষক-০৩) |

০২। সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে সভায় সময় প্রদান করার জন্য আন্তরিকভাবে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সামসুদ্দিন আহমেদ ভূঁইয়া
অতিরিক্ত মহাপরিচালক

স্মারক নম্বর: ২০.০৭.০০০০.০০৯.০৫.০০২.২১.১৫

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৯
৩০ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) প্রধান প্রশিক্ষক-১, প্রশিক্ষণ-১ অধিশাখা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)

২) পরিচালক, গবেষণা ও প্রকাশনা অনুবিভাগ, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)

৩) পরিচালক , প্রশাসন ও অর্থ অনুবিভাগ, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)

৪) পরিচালক, প্রশিক্ষণ অনুবিভাগ, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)

৫) প্রধান প্রশিক্ষক-৩, প্রশিক্ষণ-৩ অধিশাখা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)

৬) উপপরিচালক, প্রশাসন ও অর্থ অধিশাখা, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)

দীপায়ন চক্রবর্তী পার্থ
গবেষণা কর্মকর্তা-১